ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর ঃ রমনা, ঢাকা -১০০০

বিজ্ঞপ্তি

৩১/১০/২০২৬ তারিখে অনুষ্ঠিত পরীক্ষা কমিটির ১৮৩তম সভার সিদ্ধান্তক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে,

(ক) **এপ্রিল, ২০২৬ টার্মের** এএমআইই সেকশন "এ" এবং সেকশন "বি" পরীক্ষাসমূহ আগামী **২৪/০১/২০২৭ তারিখ রোজ রবিবার** হতে আরম্ভ হবে।

(খ) **২৪/০১/২০২৭** তারিখ হতে অনুষ্ঠিতব্য এএমআইই পরীক্ষায় অংশগ্রহনের জন্য (সেকশন "এ" ও "বি") লেট ফি ব্যতীত **১৯/১১/২০২৬** তারিখ পর্যন্ত এবং লেট ফি সহ **২৬/১১/২০২৬** তারিখ পর্যন্ত পরীক্ষার আবেদনপত্র (Examination Form) গ্রহণ করা হবে।

(গ) এখন থেকে পরীক্ষার ফরম ও টাকা জমার স্লিপ আইইবি'র ওয়েব সাইটে (**www.iebbd.org**) পাওয়া যাবে। উল্লেখ্য যে, পরীক্ষার ফরম **Both Page** এ **Print** নিতে হবে। পরীক্ষার ফি, গ্রেডশীট ফি, আইডি কার্ড ফি, লেট ফি, বার্ষিক চাঁদা ইত্যাদি Deposit slip এর মাধ্যমে জমা দিয়ে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

(ঘ) পরীক্ষার আবেদনপত্র (Examination Form) পরীক্ষা বিভাগে জমা দেয়ার সময় **২০২৬-২০২৭ সনের বার্ষিক চাঁদা,** পরীক্ষার ফি সহ অন্যান্য ফি এর Deposit slip জমা দিতে হবে। ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করলে আবেদনপত্রের সাথে **২০২৬-২০২৭ সনের বার্ষিক চাঁদা**, পরীক্ষার ফি সহ অন্যান্য ফি এর Deposit slip পাঠাতে হবে।

(ঙ) **পরীক্ষার আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।**

(চ) **পরীক্ষার আবেদনপত্র (Examination Form) এর সাথে যে সকল ছাত্র/ছাত্রী Section A (OLD) ও Section B (OLD) এর ৮ টি কোর্স এবং Section A (NEW) ও Section B (NEW) এর ১১ টি কোর্স সম্পন্ন হওয়ার লক্ষ্যে পরীক্ষায় অংশগ্রহণ করবেন তাদেরকে *অবশ্যই* পূর্ববর্তী টার্ম এর Gradesheet এর ফটোকপি জমা দিতে হবে।**

(ছ) **Computer Science and Engineering (CSE) Discipline** এর প্রথম পরীক্ষা এপ্রিল, ২০২৫ টার্ম থেকে অনুষ্ঠিত হয়েছে **এবং এপ্রিল, ২০২৬ টার্মের জন্য যে সকল ছাত্র/ছাত্রী উক্ত Discipline এ আবেদন করবেন তাদেরকে অবশ্যই Exam Form A (CSE) Print নিতে হবে।**

(জ) আবেদনপত্রে প্রার্থীর ছবি নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে এবং ছবির উপরে আইইবি'র সদস্য দিয়ে সত্যায়িত করতে হবে। পরিচয়পত্রের ছবি নির্ধারিত স্থানে স্টেপলার পিন দিয়ে লাগাতে হবে।

(ঝ) পরীক্ষার বিভিন্ন ফিস সমূহ ঃ

পরীক্ষার ফি (সেকশন "এ")	—	প্রতি বিষয়ের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা মাত্র
পরীক্ষার ফি (সেকশন "বি")	—	প্রতি বিষয়ের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা মাত্র
পরীক্ষার ফি (সেকশন "বি" সময় বৃদ্ধি চেয়ে আবেদনকারী)- প্রতি বিষয়ের জন্য ২৪০০/- (দুই হাজার চারশত) টাকা মাত্র		
গ্রেডশীট ফি	—	৫০০/- (পাচঁশত) টাকা মাত্র
আইডেন্টিটি কার্ড ফি	—	১০০/- (একশত) টাকা মাত্র
লেট ফি	—	১০০০/- (এক হাজার) টাকা মাত্র
বার্ষিক চাঁদা	—	১০০০/- (এক হাজার) টাকা মাত্র
ছাত্র/ছাত্রী কল্যাণ ফি	—	৫০/- (পঞ্চাশ) টাকা মাত্র

(ঞ) উক্ত AMIE পরীক্ষা **ঢাকা** (বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়), **চট্টগ্রাম** (চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), **খুলনা** (খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) ও **রাজশাহী** (রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়) কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

(ট) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এএমআইই সেকশন 'এ' নতুন কোর্স (আগস্ট, ২০১৫ থেকে প্রবর্তিত) এর জন্য ৪০ ঘন্টার কম্পিউটার ট্রেনিং কোর্স অন্তর্ভূক্ত করা হয়েছে। ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ, বাংলাদেশ (ঢাকা ক্যাম্পাস) এর মাধ্যমে উক্ত কম্পিউটার কোর্সটি সম্পন্ন করার জন্য সেকশন 'এ' এর ছাত্র/ছাত্রীদেরকে নির্দেশ প্রদান করা হল। উল্লেখ্য, এই কম্পিউটার কোর্স সম্পন্ন করে সার্টিফিকেট এর সত্যায়িত কপি পরীক্ষাসমূহ শুরুর ১ (এক) মাস আগে পরীক্ষা বিভাগে জমা দিতে হবে। কম্পিউটার কোর্সের সার্টিফিকেট জমা দিতে ব্যর্থ হলে সেকশন 'বি' এর পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে না।

আবেদনপত্রে যোগাযোগের সুবিধার্থে মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

সংশ্লিষ্ট সকল ছাত্র/ছাত্রীদেরকে তাদের নাম পরীক্ষার আবেদনপত্রে (সার্টিফিকেট মোতাবেক) সঠিকভাবে লেখার জন্য নির্দেশ দেয়া হল।

বিশেষভাবে উল্লেখ্য যে, পরীক্ষার হলে কোন প্রকার Text Book, Manuals, Data, Table, ইত্যাদি বাহির হতে নেয়া যাবে না। প্রয়োজনীয় Manuals, Data, Table, ইত্যাদি প্রশ্নপত্রের সাথে সংযুক্ত থাকবে। পরীক্ষার্থীর কাছে এগুলি পাওয়া গেলে তাহা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

পরীক্ষার হলে programmable Calculator, Mobile Phone, Headphone এবং Smart Watch ব্যবহার সম্পূর্ন নিষিদ্ধ। তাই পরীক্ষার হলে programmable Calculator, Mobile Phone, Headphone এবং Smart Watch না আনার জন্য নির্দেশ দেয়া হল।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. আবু সিদ্দিক)
পরীক্ষা নিয়ন্ত্রক, আইইবি।

২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

সূত্র নং - সদ/আইইবি/পরীক্ষা/এপ্রিল, ২০২৬/বিজ্ঞপ্তি/২০২৬/**৩০০৯** তারিখ ঃ ০১/১১/২০২৬ খ্রিঃ

অনুলিপি ঃ

১। প্রেসিডেন্ট, আইইবি।
২। ভাইস-প্রেসিডেন্ট (একাডেমিক)/ (প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/ (এসএন্ডডব্লিউ), আইইবি।
৩। সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি।
৪। সম্মানী সহকারী সাধারণ সম্পাদক (একাডেমিক)/(প্রশাসন ও অর্থ)/(এইচআরডি)/এসএন্ডডব্লিউ), আইইবি।
৫। চেয়ারম্যান/সম্মানী সম্পাদক, সকল কেন্দ্র, আইইবি।
৬। চেয়ারম্যান/সম্পাদক, সকল উপকেন্দ্র, আইইবি।
৭। সকল সদস্যগন, পরীক্ষা কমিটি, আইইবি।
৮। চেয়ারম্যান, বিপিইআরবি।
৯। রেক্টর, ইএসসিবি, আইইবি।
১০। ট্রেনিং ম্যানেজার, ট্রেনিং উইং, আইইবি।
১১। নির্বাহী কর্মকর্তা, আইইবি।
১২। সহকারী নির্বাহী কর্মকর্তাবৃন্দ, আইইবি ।
১৩। সকল শাখা প্রধান, আইইবি।
১৪। নোটিশ বোর্ড।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. মো. আতাউর রহমান)
সম্মানী উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, আইইবি।